

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 25-11-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Cabinet Decision :

রাজ্য সরকারের ২০২১ সালে সরকারি কর্মচারিদের এডহক প্রমোশন পলিসিকে এখন থেকে নিয়মিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে রাজ্য মন্ত্রিসভার এই সিদ্ধান্তের কথা জানান পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি জানান, সুপ্রিমকোর্টে এই সংক্রান্ত মামলা বিচারাধীন থাকার ফলে রাজ্য সরকার সরকারি কর্মচারিদের পদোন্নতির ক্ষেত্রে এডহক পলিসি গ্রহণ করে। সেই অনুযায়ী গত ২০২৫ সালের জুন মাস পর্যন্ত ১৩ হাজার ৮২ জনের অধিক রাজ্য সরকারের সরকারি কর্মচারি এডহক ভিত্তিতে পদোন্নতি পেয়েছেন। কিন্তু তারা অবসর গ্রহণের পর আর্থিক দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছিলেন। রাজ্য সরকার সার্বিক পরিস্থিতি বিবেচনা করে কর্মচারিদের স্বার্থে অবসরপ্রাপ্ত কর্মচারি সহ সকল অংশের কর্মচারিদের নিয়মিতকরণের সুবিধার আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে।

Tripura Day :

নয়াদিল্লির ভারত মন্ত্রপমে অনুষ্ঠিত ৪৪তম ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ট্রেড ফেয়ারের মঞ্চে গতকাল ত্রিপুরা দিবস পালন করা হয়। শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা ত্রিপুরা দিবসের উদ্বোধন করেন। ত্রিপুরা দিবস উপলক্ষ্যে রাজ্যের শিল্পীগণ হজাগিরি, ধামাইল, মামিতা সহ অন্যান্য লোকনৃত্য ও লোকসংগীত পরিবেশন করেন। অনুষ্ঠান শেষে শ্রী দেববর্মা বাণিজ্য মেলায় প্রদর্শিত ত্রিপুরার স্টলগুলি পরিদর্শন করেন।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অযোধ্যায় শ্রী রাম জন্মভূমি তীর্থক্ষেত্রে ধ্বজারোহন অনুষ্ঠানে যোগ দেবেন। তিনি শ্রী রাম জন্মভূমির মন্দিরে পবিত্র ধ্বজা উত্তোলন করবেন। পাশাপাশি প্রধানমন্ত্রী অযোধ্যা শহরে একটি রোড শো-ও করবেন। ধর্মধ্বজা গ্রহণ কর্মসূচীর দ্বিতীয় দিনে পূর্ণ বৈদিক আচারের সঙ্গে বিভিন্ন দেবদেবীর পূজাচনা চলবে। প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে অযোধ্যায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

Unity Promo Fest :

আগামী ২৪ এবং ২৯শে নভেম্বর দুইদিনব্যাপী কাঞ্জপুর মহকুমার জম্পুইহিলের ভাংমুন মাঠে আয়োজিত হবে ইউনিটি প্রমো ফেস্টের চতুর্থ ইভেন্ট। এই প্রমো ফেস্টে থাকবে বিভিন্ন দলের প্রদর্শনী স্টল, ফুড স্টল, আদিবাসীদের চিরাচরিত ক্রীড়া। এছাড়াও রাজ্য ও বর্হিনাজের বিশিষ্ট শিল্পীদের দ্বারা পরিবেশিত হবে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ ও বিদেশের মানুষের সাথে তাঁর চিত্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি "মন কি বাতে"র ১২৮তম পর্ব হবে। এই অনুষ্ঠানের জন্য জনগণ তাদের ধারণা এবং পরামর্শ ১৮০০-১১-১৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে জানাতে পারবেন।

Upendra Dwibedi :

ভারতীয় গোবাহিনী গতকাল মুম্বাইয়ের নেভাল ডকইয়ার্টে মাহে-শ্রেণীর অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ার শ্যালো ওয়াটার ক্রাস্টের প্রথম জাহাজ আইএনএস মাহে চালু করেছে। অনুষ্ঠানে সেনাবাহিনী প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী বলেন, পহলগামে সন্ত্রাসবাদী হামলার পর পাকিস্তানে সন্ত্রাসবাদী

পরিকাঠামোকে লক্ষ্য করে দেশের সামরিক অভিযান অপারেশন সিল্বুর সশস্ত্র বাহিনীর মধ্যে একাঞ্চতার একটি উপযুক্ত প্রদর্শন ছিল। তিনি বলেন, সমুদ্রের গভীরতা থেকে দেশের সর্বেষ সীমান্ত পর্যন্ত কাজ করার দেশের ক্ষমতা আইএনএস মাহের নিরাপত্তা প্রভাবকে সংজ্ঞায়িত করবে।

Byte- Upendra Dwibedi # # #

Tinku Roy Seminar :

সমাজকল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিক্সু রায় গতকাল ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের এম.বি.বি অডিটোরিয়ামে ভলেনটারি হেলথ এসোসিয়েশন অফ ত্রিপুরার উদ্যোগে আয়োজিত তামাক নিয়ন্ত্রণ ও মাদকবিরোধী সচেতনতা শীর্ষক কর্মশালার উদ্বোধন করেন। কর্মশালায় তিনি যুবসমাজকে তামাক ও মাদকমুক্ত সুস্থ ভবিষ্যতের পথে এগিয়ে নিয়ে যেতে বিশেষ ভূমিকা পালন করার আহবান জানান। তিনি বলেন রাজ্য সরকার তামাকমুক্ত ত্রিপুরা গড়ে তুলতে নিরলসভাবে কাজ করে চলেছে।

Drama Competition :

নাট্যদল শিল্প তীর্থের উদ্যোগে আগামী ২৭ নভেম্বর আগরতলা মুক্তধারা অডিটোরিয়াম শুরু হচ্ছে চারদিনব্যাপী জাতীয় স্তরে বাংলা একাঙ্ক নাটক প্রতিযোগিতা ও উৎসব। গতকাল আগরতলা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনে এ কথা জানিয়েছেন সংগঠনের সভাপতি কার্তিক বণিক। তিনি বলেন এবারের প্রতিযোগিতায় পশ্চিমবঙ্গ, আসাম, ত্রিপুরা থেকে মোট সাতটি নাট্য দল অংশগ্রহণ করছে।

PM Congratulates Indian Women's Team :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০২৫ সালের কাবাড়ি বিশ্বকাপ জেতার জন্য ভারতীয় মহিলা কাবাড়ি দলকে অভিনন্দন জানিয়েছেন। এক সোশ্যাল

মিডিয়া পোস্টে শ্রী মোদী বলেন, দলটি অসাধারণ দৃঢ়তা, দক্ষতা এবং নির্ণয় প্রদর্শন করেছে। কাবাড়ি দলের জয় অগণিত যুবক-যুবতীকে কাবাড়ি অনুসরণ করতে, আরও বড় স্বপ্ন দেখতে এবং আরও উচ্চতর লক্ষ্য অর্জনে অনুপ্রাণিত করবে।
